

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আবদুল আউয়াল মৃধা, প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং), “কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্ব)” শীর্ষক সমাপ্ত প্রকল্পের অওতায় দিনাজপুর জেলায় কর্মকালীন ০১-০২-২০১৩ হতে ৩১-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে অত্র দপ্তরের ২৩-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ৩৬৪ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মকর্তা জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানী দিতে আশ্রয় প্রকাশ করায় ১৭-১১-২০১৫ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালীন তিনি বিভাগীয় মামলায় প্রদত্ত লিখিত বক্তব্যের পুনরাবৃত্তি করে বলেন অসুস্থতাজনিত কারণে তিনি ০১-০২-২০১৩ হতে ৩১-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তবে চিকিৎসা সংক্রান্ত বিশ্বাসযোগ্য কোন কাগজপত্র দেখাতে ব্যর্থ হন। প্রকৃত পক্ষে তিনি কর্তৃপক্ষের অনুমতির পরোয়া না করে নিজের ইচ্ছেমত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। ইতোপূর্বেও তিনি ১৮৪ দিন অর্জিত ছুটি ভোগ করেন।

যেহেতু, বিভাগীয় মামলার জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, ক্ষমা প্রার্থনা করা ও নথি পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক “কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্ব)” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং), জনাব মোঃ আবদুল আউয়াল মৃধা-কে ‘তিরস্কার’ দণ্ড প্রদান করা হলো;
- খ) একই সাথে তার অননুমোদিত অনুপস্থিতিকাল ০১-০২-২০১৩ হতে ৩১-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বিনা বেতনে ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২৩-১১-২০১৫ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.১৫-৪২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
০৩। সহকারী পরিচালক(প্রশাসন/আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণ এবং ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
০৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
০৫। জনাব মোঃ আবদুল আউয়াল মৃধা, প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং), কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্ব) সমাপ্ত প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯